“শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন শাখা
www.bmet.gov.bd

## ‘অভিবাসনে সুশাসনঃ উপায় ও উদ্ভাবন’ বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভার সভাপতি : জনাব মোঃ শহীদুল আলম, এনডিসি (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।

তারিখ : ০৯/০৩/২০২২ খ্রিঃ, সকাল ১০.০০ টা।

সভার স্থান : বিএমইটি’র সম্মেলন কক্ষ

**উপস্থিতির তালিকা : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।**

সভার সূচনালগ্নে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভা শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে বিএমইটি’র সেবা কিভাবে আরও সহজীকরণ করা যায়, মানুষের দোরগোড়ায় পৌঁছে দেয়া যায় সে সম্পর্কে উপস্থিতগণের নিকট মতামত প্রদানের আহবান জানানো হয়। সভায় বিএমইটি’র অধীনে ৭০ টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে পরিচালিত বিভিন্ন কোর্স সম্পর্কে ধারণা তুলে ধরা হয়। বহির্গমন ছাড়পত্রের বিষয়ে আলোকপাত করা হয়। তিনি আরও জানান জিআরএস নিষ্পত্তি করা হচ্ছে এবং জেলা পর্যায়ে পাঠানোর চিন্তা ভাবনা আছে। টিটিসিতে চলমান এসএসসি (ভোক.) কোর্স এর পরিবর্তে কর্মমুখী কোর্স চালানোর যৌক্তিকতা তুলে ধরা হয়।

০২। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান এপিএ সূচকের আওতায় প্রতিটি কার্যক্রম নির্দিষ্ট সময়ে সম্পাদনের নির্দেশনা রয়েছে। নির্দেশনা অনুযায়ী প্রতিটি কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। বিএমইটি’র অধিনস্ত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র সম্পর্কে ধারণা তুলে ধরেন, স্বল্প মেয়াদী কোর্স, এসএসসি (ভোক.), ভাষা প্রশিক্ষণ কোর্স, বহির্গমন ছাড়পত্র, শ্রীঘ্রই মালয়েশিয়ায় কর্মী পাঠানো, বিমান বন্দরের কার্যক্রম, বিমান বন্দরে মৃত্যু ব্যক্তির লাশ গ্রহণে সেবা প্রদান সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম: | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ০১ | **অংশীজন:**<br>**রিক্রুটিং এজেন্সি (এসএ ট্রেডিং)**<br>১। (ক) টিটিসি/আইএমটি পরিচালিত কোর্সগুলো সময়োপযোগি করা<br><br>(খ) ৩ মাসের প্রশিক্ষণ কোর্সের মেয়াদ বাড়ানো<br><br>২। টিটিসি/আইএমটি হতে প্রশিক্ষণ প্রাপ্তদের ডাটাবেইজ করে সেখানে তারা কোথায় আছে, কি করছে সেসকল তথ্য রাখা।<br>৩।বহির্গমন ছাড়পত্র প্রদানের ফাইল দ্রুত নিষ্পত্তিকরণ।<br><br>(ঙ) বহির্গমন ছাড়পত্র ফাইলের সংশোধনীগুলো কমানো। | ১। (ক) কোর্সগুলো সময়োপযোগি করা হচ্ছে। PDO কোর্সে ইচ্ছা পোষন করলে যে কোনো সময়ে যেকোনো টিটিসি/ আইএমটি/ডিইএমও তে করা যাবে।<br>(খ) প্রশিক্ষণ কোর্সগুলো বিটিইবি’র শিক্ষাক্রম অনুযায়ী পরিচালিত হবে।<br>২। প্রত্যেক টিটিসি/আইএমটিতে ১০০ জনকে সাকসেস তালিকা তৈরি করা হবে। এ বিষয়ে পত্র দেওয়ার সিদ্ধান্ত হয়।<br>৩। বহির্গমনের ফাইলগুলো ধাপ কমিয়ে দ্রুততম সময়ে নিষ্পত্তি করা হবে। বহির্গমন ছাড়পত্র প্রদান অনলাইন করা হবে। | পরিচালক (বহির্গমন/ কর্মসংস্থান/ প্রশিক্ষণ পরিচালনা) |
| ০২ | **অংশীজন:**<br>**বিএনএসকে**<br>(ক) অভিবাসী নারী কর্মীগণ প্রতি মাসে বেতন পাচ্ছে কিনা সে তথ্য বিএমইটি’তে সংরক্ষণ করা।<br>(খ) সে সকল অভিবাসী কর্মীকে নির্যাতন করা হয় তার তথ্য বিএমইটি’তে থাকা। বিমানবন্দরে অভিবাসী কর্মীকে সম্মান করা। | ৪। বিমান বন্দরে সেবার মান বাড়ানোর বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হবে। | পরিচালক (বহির্গমন/ কর্মসংস্থান/ প্রশিক্ষণ পরিচালনা) |

| ক্রম: | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | (গ) অভিবাসী কর্মীগণ ফ্রি ভিসায় বিদেশে কর্ম পাচ্ছে কিনা সে সম্পর্কে তথ্য বিএমইটি'র মাধ্যমে প্রদান করা।<br>(ঘ) নারী অভিবাসী কর্মীদের প্রশিক্ষণ কোর্স আরও ০৭ দিন বাড়িয়ে স্বাস্থ্যগত, শারীরিক ব্যায়াম এবং সচেতনতা বৃদ্ধির বিষয়ে প্রশিক্ষণ প্রদান। | | |
| ০৩ | **অংশীজন:**<br>**বিটিভি (অভিবাসনে সুশাসন)**<br>(ক) রিক্রুটিং এজেন্সির পারফরমেন্স ডিজিটালাইজড করা।<br>(খ) রিক্রুটিং এজেন্সির পারফরমেন্স অনুযায়ি শ্রেণীকরণ করা।<br>(গ) প্রতিটি টিটিসি/আইএমটি হতে প্রশিক্ষণ নিয়ে কতজন দেশে/বিদেশে চাকুরী পেয়েছে সেখানে তারা কোথায় আছে, কি করছে সেসকল তথ্য ডাটাবেইজ করে রাখা।<br>(ঘ) বিএমইটি'র সেবা বিকেন্দ্রিকরণ করা। | ৫। রিক্রুটিং এজেন্সির তথ্য RAIMS এ আপলোড করার জন্য বায়রাকে অবগত করে পত্র দেওয়া হবে।<br><br>৬।বিএমইটি'র সেবা অধিকাংশই বিকেন্দ্রিকরণ করা হয়েছে এবং আরও কিছু সেবা বিকেন্দ্রিকরণের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | পরিচালক (কর্মসংস্থান/ প্রশাসন ও অর্থ/ প্রশিক্ষণ পরিচালনা) |
| ০৪ | **অংশীজন:**<br>**বিজিটিটিসি**<br>(ক) টিটিসি/আইএমটি হতে যারা প্রশিক্ষণ নেয় তারা কী চাকুরী পায়।<br>(খ) টিটিসি/আইএমটি হতে যারা প্রশিক্ষণ নেয় তাদের সফলতার একটি তালিকা করা।<br>(গ) টিটিসি/আইএমটি হতে যারা প্রশিক্ষণ নেয় তাদের একটি তালিকা করা। | ----- | ----- |
| ০৫ | **অংশীজন:**<br>**নিউজ এডিটর, এটিএন বাংলা**<br>(ক)'অভিবাসনে সুশাসনঃ উপায় ও উদ্ভাবন' বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভাটি একটি ইতিবাচক দিক।<br>(খ) রাজস্ব খাতের বড় দিক শ্রম বাজার, দরিদ্র জনগোষ্ঠির শিক্ষার ব্যবস্থা উন্নত করে বিশাল শ্রম বাজারে প্রবেশ করানো।<br><br>(গ) নারী শ্রমিক বিদেশে না পাঠানোই ভালো। যে সকল কর্মী বিদেশ যাচ্ছেন তারা কোথায় আছেন, কেমন আছেন, বেতন ঠিকমত পায় কিনা, বিশেষ করে মহিলা অভিবাসী কর্মীদের তথ্য নিতে হবে। | ৭। ঘরে ঘরে বিদেশগামী কর্মী আছে, আরো উৎসাহ বাড়ানোর উদ্যোগ নেওয়ার সিদ্ধান্ত হয়। স্কীল সার্টিফিকেট কোর্সের মূল্যায়ন সম্পর্কে প্রচার প্রচারণার জন্য মিডিয়ার উদ্যোগ নিতে হবে।<br>৮। কতজন নারী কর্মী বিদেশে চাকুরী নিয়ে গেছেন তার তথ্য বিএমইটি'র ডাটাবেজে রয়েছে। বিদেশে তাঁদের কর্মপরিবেশ বেতন ভাতা প্রাপ্তি নিশ্চিতকরণ ইত্যাদি বিষয়ে পরিদর্শন টীম প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (কর্মসংস্থান/ প্রশাসন ও অর্থ) |
| ০৬ | **অংশীজন:**<br>**অধ্যক্ষ (বিকেটিটিসি)**<br>(ক) টিটিসি হতে দীর্ঘ মেয়াদী প্রশিক্ষার্থীদের তথ্য চাওয়া হলে টিটিসি কর্তৃক দিতে সুবিধা হবে।<br>(খ) রিক্রুটিং এজেন্সির চাহিদাপত্র অনুযায়ী টিটিসি হতে মহিলা কর্মীদের বায়োডাটা দেওয়া হবে। | ----- | ----- |
| ০৭ | **অংশীজন:**<br>**BRAC**<br>(ক) টিটিসি'র শিক্ষকদের বেশি করে বিদেশ ট্রেনিং এর ব্যবস্থাকরণ।<br>(খ) যে সকল দেশে মার্কেট আছে সে সকল দেশের চাহিদা অনুযায়ী কর্মী তৈরি করে পাঠানো। বিদেশে কর্মী প্রেরণের আগে সে দেশের স্টান্ডার্ড অনুযায়ী শিক্ষক/শিক্ষার্থীদের প্রশিক্ষণ বাড়ানো। | (ক) DTTTI এর মাধ্যমে শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করার সিদ্ধান্ত হয়।<br>৯। পদশূন্যতায় যাতে ট্রেনিং বন্ধ না হয় সেজন্য রিসোর্সপুল গঠন করা হবে। | পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) |

| ক্রম: | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৮ | **অংশীজন:** **OKUP** (ক) অভিবাসী কর্মীর বিমান বন্দরের সেবার মান বাড়ানোর জন্য বিএমইটি এর অধীনে যারা চাকুরী করেন (ডিইএমও/টিটিসি) তাদের মাধ্যমে প্রবাসী কল্যাণ ডেস্কের সেবা নিশ্চিতকরণ। (খ) বিদেশ ফেরত কর্মীদের সেবা বাড়ানোয় সকলকে সহযোগিতা দিতে হবে। | ১০। বিমান বন্দরের সেবা সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট অফিসকে অবহিত করার সিদ্ধান্ত হয়। | পরিচালক (কর্মসংস্থান) সহকারী পরিচালক (প্রবাসী কল্যাণ ডেস্ক) |
| ০৯ | **অংশীজন:** **ওয়্যারবি ডেভেলমেন্ট ফাউন্ডেশন** (ক) বিএমইটি'র স্মার্ট কার্ডের সাথে ভিসা কার্ড, ক্রেডিড কার্ড এর সমন্বয় করা। (খ) Mission এ বাংলাদেশী কর্মীদের সম্পর্কে অবগত হতে হবে। (গ) বিএমইটি'র অভিবাসন সংক্রান্ত বিভিন্ন রকম সচেতনতামূলক লিফলেট বিমান বন্দরের বিভিন্ন যায়গায় প্রদর্শনের ব্যবস্থাকরণ। (ঘ) অভিবাসী কর্মীদের জন্য ভিন্ন রং এর পাসপোর্ট করা। (ঙ) অভিবাসীদের দেশত্যাগের পূর্বে ব্যাংক একাউন্ট নিশ্চিতকরণ। | ১১। স্মার্ট কার্ড এর পরিবর্তে স্মার্ট সার্টিফিকেট দেওয়ার উদ্যোগ নেয়া হবে, যা অনলাইন থেকে ডাউনলোড করে প্রিন্ট করা যাবে। (খ) Mission এ যেতে যারা আগ্রহী তারা আবেদন করে যেতে পারবে। ১২। বিএমইটি'র অভিবাসন সংক্রান্ত বিভিন্ন রকম স্লোগান বিমান বন্দরের বিভিন্ন যায়গায় প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে। ১৩। প্রবাসী কর্মীদের জন্য বিশেষায়িত ব্যাংক 'প্রবাসী কল্যাণ ব্যাংক' বা অন্যান্য ব্যাংক এর একাউন্ট এর তথ্য 'ইমিগ্রেশন ক্লিয়ারেন্স কার্ড/Smart Card এ সংযুক্ত এবং উক্ত একাউন্ট Job contract এ সংযোগ করে নিয়োগকর্তাকে প্রদানের সিদ্ধান্ত হয়। | পরিচালক (বহির্গমন/ প্রশাসন ও অর্থ) |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের অনুরোধ ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহীদুল আলম, এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৪৯৩৪৯৯২৫ (অফিস)
Email-dg@bmet.org.bd.

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০২.০৬.০০১.২২.১২০৫

তারিখ: ১৭/০৫.২০২২ খ্রিঃ।

**অনুলিপিঃ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) বিএমইটি, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক (সকল) বিএমইটি, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অধ্যক্ষ, আইএমটি/ বিআইএমটি/ টিটিসি (সকল) ।
৬. উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
৭. উপপরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
৮. উপপরিচালক (বাজেট ও আইটি), বিএমইটি, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯. সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা।
১০. সহকারী পরিচালক (সকল) , বিএমইটি, ঢাকা।
১১. পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
১২. সহকারী পরিচালক, বিভাগীয়/জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস/শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর, ঢাকা।
১৩. সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫ .মাস্টার নথি/২০২২।